# কালিহাতি উপজেলা পরিষদের জুন-২০২২ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার স্থান | : উপজেলা পরিষদ কনফারেন্স রুম, কালিহাতি, টাঙ্গাইল। |
| তারিখ ও সময় | : ২৯ জুন ২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০টা |
| সভাপতি | : জনাব মোঃ আখতারুজ্জামান, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল |
| সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা | : পৃথকভাবে সংরক্ষিত |

সভাপতি সভার শুরুতেই মহিলা ভাইস চেয়ারম্যান, মেয়রবৃন্দ, ইউপি চেয়ারম্যানবৃন্দ, বিভাগীয় কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতিকে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম শুরু করেন। গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী আছে কিনা উপস্থিত সংশ্লিষ্ট সকলের নিকট জানতে চাওয়া হলে কোন সংশোধনী নেই মর্মে উপস্থিত সদস্যগণ সভাকে অবহিত করেন এবং গত সভার কার্যপত্র দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগ ভিত্তিক কার্যক্রমের অগ্রগতি বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালিহাতি | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে মেডিকেল অফিসার, কালিহাতি সভায় বলেন, সারা দেশের ন্যায় কালিহাতি উপজেলায়ও করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ব্যাপকভাবে লক্ষ করা যাচ্ছে। করোনা ভাইরাস মহামারী আকারে ছড়ানোর পূর্বেই সবাইকে সতর্ক থাকাসহ বাড়ির বাইরে গেলে সকলকে মাস্ক পড়ার অনুরোধ করেন। | করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে বাড়ির বাইরে সবাইকে মাস্ক পড়া নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালিহাতি। |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ,কালিহাতি | ০২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ:দা:) এর পক্ষে সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিহাতি। |
| উপজেলা কৃষি অফিস, কালিহাতি | ০৩। উপজেলা কৃষি কর্মকর্তার পক্ষে অতিরিক্ত কৃষি কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা কৃষি কর্মকর্তা, কালিহাতি |
| উপজেলা মৎস্য অফিস, কালিহাতি | ০৪। উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, চলতি মৌসুমে অবৈধ চায়না জালের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। অবৈধ চায়না জাল সম্পর্কে তথ্য প্রদানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেন। | অবৈধ চায়না জাল অপসারণে নিয়মিত অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | ১.উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি<br>২.উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিহাতি। |
| উপজেলা প্রাণিসম্পদ অফিস,কালিহাতি | ০৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে অত্র উপজেলার বিভিন্ন গরুর ফার্মে নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। কুরবানীর গরু মোটা তাজা করনের লক্ষ্যে অবৈধ ইনজেকশন যাতে না দিতে পারে সে বিষয়ে খামারীদের নিয়মিত সতর্ক করা হচ্ছে। | অত্র উপজেলার ক্ষুরা রোগে আক্রান্ত গরুর চিকিৎসা প্রদানে পরামর্শসহ সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিহাতি |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,কালিহাতি | ০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ভিজিএফ এর খাদ্য শস্য খুব শীঘ্রই আসবে। ঈদের পূর্বেই যাতে উক্ত খাদ্য শস্য বিতরণ করা যায় সেজন্য তালিকা প্রস্তুত রাখতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন । | ভিজিএফ এর খাদ্য শস্য ঈদের পূর্বেই বিতরণের লক্ষ্যে তালিকা প্রস্তুত রাখার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিহাতি। |
| উপজেলা সমাজসেবা অফিস,কালিহাতি | ০৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালিহাতি |
| উপজেলা শিক্ষা অফিস, কালিহাতি | ০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কালিহাতি |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস, কালিহাতি | ০৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিহাতি অফিসসূত্রে জানা যায়, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, কালিহাতি। |
| উপজেলা যুব উন্নয়ন অফিস, কালিহাতি | ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অফিস, কালিহাতি | ১১। উপজেলা প্রকৌশলী, কালিহাতি সভায় বলেন, সল্লা ইউনিয়নের নরদহি বাজারের নিকট ব্রীজটি নতুনভাবে বাস্তবায়ন করতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এলেঙ্গা-বল্লা পাকা রাস্তার মেরামত কাজ করা হয়েছে। বন্যা পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ রাস্তা/ব্রীজগুলো মেরামত করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | বন্যা পরবর্তীতে সকল ইউনিয়নেই অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ রাস্তা/ব্রীজগুলো মেরামতের সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি। |
| উপজেলা জনস্বাস্থ্য অফিস, কালিহাতি | ১২। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতি। |
| উপজেলা সমবায় অফিস, কালিহাতি | ১৩। উপজেলা সমবায় কর্মকর্তা, কালিহাতি অফিসসূত্রে জানা যায়, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা সমবায় কর্মকর্তা, কালিহাতি |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিস, কালিহাতি | ১৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি। |
| উপজেলা বন বিভাগ, কালিহাতি | ১৫। ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ১৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার পক্ষে একাডেমিক সুপারভাইজার, কালিহাতি সভায় বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কালিহাতি |

১৭। এছাড়া সামগ্রিক বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমুহ গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| নাগবাড়ী ইউনিয়ন পরিষদ | ক) জনাব আবদুল কাইয়ুম, চেয়ারম্যান, নাগবাড়ী ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, তার ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে বন্যার পানিতে রাস্তা ঘাটসহ কৃষকের ফসলী জমি তলিয়ে গেছে। অনেক ক্ষয়ক্ষতিও হয়েছে। ত্রাণ বিতরণের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | বন্যা পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ রাস্তা/ব্রীজ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি |
| পাইকড়া ইউনিয়ন পরিষদ | খ) জনাব মোঃ আজাদ হোসেন, চেয়ারম্যান, পাইকড়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, পাইকড়া ইউনিয়ন পরিষদ ভবনটি দিনে দিনে ব্যবহারের প্রায় অনুপযোগী হয়ে পড়ছে। জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বন্যার পানিতে অত্র ইউনিয়নের বিভিন্ন রাস্তা ভেঙ্গে গেছে। বন্যা পরবর্তীতে ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বন্যা পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ রাস্তা/ব্রীজ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি |
| সল্লা ইউনিয়ন পরিষদ | গ) জনাব মোঃ আঃ আলীম, চেয়ারম্যান, সল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, তার ইউনিয়নের নরদহি বাজারের নিকট ব্রীজটি দীর্ঘদিন যাবৎ ভেঙ্গে আছে। চলাচলের প্রায় অনুপযোগী। মেরামত অথবা নতুন ব্রীজ নির্মাণসহ বন্যা পরবর্তীতে ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বন্যা পরবর্তীতে অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ রাস্তা/ব্রীজ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি |
| দশকিয়া ইউনিয়ন পরিষদ | ঘ) জনাব এম.এ মালেক ভূইয়া, চেয়ারম্যান, দশকিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, দশকিয়া ইউনিয়নসহ অত্র উপজেলার প্রায় সকল জায়গায় অবৈধ চায়না জালের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। শিবজাল/ধর্মজাল দিয়ে মাছের বংশ একেবারে নির্মুল করা হচ্ছে। ভবিষ্যতে মাছের বংশ রক্ষায় শিবজাল/ধর্মজাল এবং অবৈধ চায়না জালের ব্যবহার বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | মাছের বংশ রক্ষায় অবৈধ সকল ধরণের জাল জব্দ করতে নিয়মিত অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ। | ১.উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি<br>২.উপজেলা মৎস্য কর্মকর্তা,কালিহাতি |
| মেয়র, এলেঙ্গা পৌরসভা | ঙ) জনাব মোহাম্মদ নূর-এ-আলম সিদ্দিকী, মেয়র, এলেঙ্গা পৌলসভা, কালিহাতি সভায় বলেন, তার পৌরসভার আওতায় ভিজিএফ এর কার্ড সংখ্যা বৃদ্ধি করার জন্য উপজেলা নির্বাহী অফিসার,কালিহাতিকে অনুরোধ করেন। পৌরসভার আওতায় ০২ টি রাস্তার কাজ চলমান। উক্ত কাজ বাস্তবায়নে সহযোগিতা কামনা করেন। | রাস্তার কাজ বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি |

| | | | |
|---|---|---|---|
| মেয়র, কালিহাতি পৌরসভা | চ) জনাব মোহাম্মদ নুরুন্নবী সরকার, মেয়র, কালিহাতি পৌলসভা, কালিহাতি সভায় বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দক্ষিণ বাউন্ডারী সংলগ্ন পাকা রাস্তাটি প্রশস্ত করার স্বার্থে হাসপাতালের বাউন্ডারীটি সরিয়ে স্থাপনসহ রাস্তা প্রশস্ত করণে প্রয়োজনীয় জায়গা ছেড়ে দেওয়ার অনুরোধ করেন। | যথাযথ কর্তৃপক্ষ উক্ত রাস্তা প্রশস্ত করণে প্রয়োজনীয় ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ। | ১.মেয়র, কালিহাতি পৌরসভা<br>২.উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কালিহাতি |

(১৮) জরুরি ভিত্তিতে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন এবং উক্ত প্রস্তাবটি বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে কাজ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। যথা:-

| ক্র: নং | প্রকল্প/স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি | ০৭ সদস্য বিশিষ্ট প্রকল্প কমিটির সভাপতি ও সেক্রেটারীর নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্স ভবনের ছাদের পানি প্রতিরোধে এঙ্গেল দ্বারা সিআইশীড স্থাপন। | ২,০০,০০০/- | P.I.C | সভাপতি- মোছা: মর্জিনা বেগম, ইউপি সদস্য, পারখী ইউনিয়ন পরিষদ<br>সেক্রেটারী-মো: আনোয়ার হোসেন, মহিষজোড়া, কালিহাতি, টাঙ্গাইল। |
| ০২ | উপজেলা পরিষদ হলরুমের দক্ষিণ পাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ | ২,০০,০০০/- | P.I.C | সভাপতি- মো: আলতাফ হোসেন, ইউপি সদস্য, ০৪ নং ওয়ার্ড, সহদেবপুর ইউনিয়ন পরিষদ<br>সেক্রেটারী-সুশীল কুমার পাল,বেতডোবা, কালিহাতি |

(১৯) জনাব মোঃ আখতারুজ্জামান, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা, কালিহাতি সভায় বলেন, অবৈধ চায়না জালসহ অন্যান্য ক্ষতিকর জালের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখতে উপজেলা মৎস্য কর্মকর্তা,কালিহাতিকে আহ্বান করেন। বয়স্ক ভাতা ভোগীদের মোবাইল নাম্বার পরিবর্তনের সুযোগ থাকলে সংশ্লিষ্টদের উক্ত বিষয়ে সার্বিক সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন। পাছ চারান গ্রামের ভেতর অব্যবহৃত/পরিত্যাক্ত একটি ব্রীজ রয়েছে। নিরাপদে চলাচলের স্বার্থে উক্ত ব্রীজটি ভেঙ্গে অপসারণসহ রাস্তা মেরামত করা প্রয়োজন। কালিহাতি থানা-চেচুয়া পাকা রাস্তার বিভিন্ন জায়গায় ব্যাপক আকারে ভেঙ্গে গেছে। মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতিকে অনুরোধ করেন।

অত:পর সভাপতি সকল বিভাগীয় কর্মকর্তাদের সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও সেবামূলক মানসিকতা নিয়ে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য পালনের আহ্বান জানিয়ে দুর্নীতি ও মাদকমুক্ত কালিহাতি গঠনের প্রত্যয় নিয়ে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন এবং সফল প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অঙ্গীকার 'আমার গ্রাম আমার শহর' বাস্তবায়নের সফলতা কামনা করে করোনাভাইরাস রোধে উপস্থিত সকলকে এবং কালিহাতিবাসীকে সুস্থ্য রাখতে পরম করুনাময় মহান আল্লাহর নিকট দোয়া প্রার্থনাপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-৭-২০২২

মো: আখতারুজ্জামান
প্যানেল চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সভা
কালিহাতি, টাঙ্গাইল
ফোন-০২৯৯৭৭৫০৪৩

স্মারক নং- উঃ পঃ কাঃ কালিঃ টাং ২০১৮-৬৬৬

তারিখ : ০২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ / ১৭ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

০১. জাতীয় সংসদ সদস্য, ১৩৩, টাঙ্গাইল-০৪ (কালিহাতি)।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
০৬. ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
০৭. মেয়র, কালিহাতী/এলেঙ্গা পৌরসভা, কালিহাতি, টাঙ্গাইল।
০৮. উপজেলা ..............................................................অফিসার (সকল), কালিহাতি, টাঙ্গাইল।
০৯. চেয়ারম্যান.......................................... ইউনিয়ন পরিষদ (সকল), কালিহাতি, টাঙ্গাইল।
১০. জনাব.........................................................................., কালিহাতি, টাঙ্গাইল।
১১. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল
ফোন-০২৯৯৭৭৫৫০০১

**"পরিশিষ্ট-ক"**

২৯/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত ব্যক্তিবর্গের উপস্থিতি, উপস্থিত প্রতিনিধি (হাজিরার ক্রমানুসারে) এবং অনুপস্থিত সদস্যদের তালিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দ | উপস্থিত প্রতিনিধিবৃন্দ | অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতিক্রমে) | অনুপস্থিত সদস্যবৃন্দ (অনুমতি ব্যতীত) (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আখতারুজ্জামান, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | ১.জনাব মোঃ দেলোয়ার হোসেন, প্যানেল চেয়ারম্যান, দূর্গাপুর ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | ১.জনাব মোঃ আঃ হাই আকন্দ, চেয়ারম্যান, গোহালিয়াবাড়ী ইউনিয়ন | |
| ০২ | জনাব মোঃ নাজমুল হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল। | ২.জনাব মোঃ আঃ লতিফ, প্যানেল চেয়ারম্যান, বাংড়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল | ২.জনাব আখিনুর ইয়াসমিন, উপজেলা সমবায় কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | |
| ০৩ | জনাব রিনা পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | ৩.জনাব মোঃ হাসিবুল আলম শিকদার, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালিহাতি, টাঙ্গাইল। | ৩.জনাব শিল্পী দে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | |
| ০৪ | জনাব মোহাম্মদ নুরুন্নবী সরকার, মেয়র, কালিহাতি পৌরসভা, টাঙ্গাইল। | ৪.জনাব মোঃ তরিকুল ইসলাম, সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | |
| ০৫ | জনাব মোহাম্মদ নূর-এ-আলম সিদ্দিকী, মেয়র, এলেঙ্গা পৌরসভা, কালিহাতি, টাঙ্গাইল। | ৫.জনাব মোঃ রব্বেল হোসেন, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | |
| ০৬ | জনাব মোঃ আঃ আলীম, চেয়ারম্যান, সল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ০৭ | জনাব এম. এ. মালেক ভূইয়া, চেয়ারম্যান, দশকিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | ৬.জনাব জুলিয়া আক্তার, একাডেমিক সুপার ভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কালিহাতি, টাঙ্গাইল। | | |
| ০৮ | জনাব মোঃ মাসুদ তালুকদার, চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ০৯ | জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান খান, চেয়ারম্যান, সহদেবপুর ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১০ | জনাব মোঃ আজাদ হোসেন, চেয়ারম্যান, পাইকড়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১১ | জনাব মোঃ ফরিদ আহমেদ,চেয়ারম্যান, বল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১২ | জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, কোকডহরা ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১৩ | জনাব মোঃ ছোহরাব আলী, চেয়ারম্যান, বীরবাসিন্দা ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১৪ | জনাব মোঃ লিয়াকত আলী তালুকদার, চেয়ারম্যান, পারখী ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১৫ | জনাব আবদুল কাইয়ুম, চেয়ারম্যান, নাগবাড়ী ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১৬ | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১৭ | জনাব ফারহানা মামুন, অতিরিক্ত কৃষি কর্মকর্তা, কালিহাতি। | | | |
| ১৮ | জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ১৯ | জনাব মোঃ সেহাব উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ২০ | জনাব মোঃ রুবেল মিয়া, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ২১ | জনাব মোঃ জসিম উদ্দিন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ২২ | জনাব মোঃ আমিরুল ইসলাম, উপজেলা শিক্ষা কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | | |
| ২৩ | জনাব মোঃ ওমর ফারুক, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিহাতি | | | |
| ২৪ | জনাব সোনালী রানী, তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কালিহাতি | | | |
| ২৫ | জনাব মোঃ শাহাদৎ হোসেন , ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, কালিহাতি,টাঙ্গাইল। | | | |
| ২৬ | জনাব মোঃ হাফিজুর রহমান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা পরিষদ | | | |
| ২৭ | জনাব মোহাম্মদ আব্দুল ছালেক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। | | | |